



বাংলাদেশ হাইকমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পোর্ট লুই, মরিশাস

HIGH COMMISSION FOR
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
Port Louis, Mauritius



প্রেস বিজ্ঞপ্তি

‘ঐতিহাসিক ৭ই মার্চ’ ২০২১ উদযাপন

পোর্ট লুইস, ৭ মার্চ, ২০২১

বাংলাদেশ হাইকমিশন পোর্ট লুইস, মরিশাসে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। দিবসের শুরুতে মান্যবর হাইকমিশনার মিজ রেজিনা আহমেদ সকলের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে ‘ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২১ এর কার্যক্রম সূচনা করেন। এছাড়াও এ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা এবং বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়। আলোচনা সভার শুরুতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণীসমূহ পাঠ করা হয়।

মান্যবর হাইকমিশনার মিজ রেজিনা আহমেদ তাঁর বক্তৃতায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদের রুহের আত্মার মাগফিরাত কামনা করেন। বঙ্গবন্ধুর এই ভাষণ আবাল বৃদ্ধ বনিতা সকলকেই যেমন ৭ই মার্চ ১৯৭১ সালে উজ্জীবিত করেছিল, তেমনি আজও দেশে বিদেশের সকল বাঙ্গালীকে অনুপ্রাণিত করে যাচ্ছে। নির্দিধায় বলা যায় যে, এই ভাষণ কালজয়ী এবং চির ভাস্বর। এই ভাষণই সকলকে স্বাধীনতা যুদ্ধে ঝাপিয়ে পড়তে অনুপ্রাণিত করেছিল। বাংলাদেশ অতি সম্প্রতি স্বল্পম্নোত দেশ থেকে উত্তোরণের চূড়ান্ত ধাপ অতিক্রম করেছে। সেজন্য মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের মর্যাদা অর্জনের জন্য আমাদেরকে আরো অধিক পরিশ্রম করতে হবে। তিনি আরো বলেন যে, কোভিড-১৯ মোকাবিলায় বাংলাদেশের সফলতা সর্বজনস্বীকৃত। এ পর্যন্ত প্রায় ৭০ লক্ষ জনগণকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে এবং আগামী জুন মাসের মধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থার অধীনে ১ কোটি ৯ লক্ষ ভ্যাকসিন পাবে বাংলাদেশ।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে ৭ই মার্চ-এর উপর পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বিশেষ ভিডিও প্রদর্শন করা হয়। ঐতিহাসিক দিবসটি উপলক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ এর ভাষণ মরিশাসের বহুল প্রচারিত ইংরেজি সাপ্তাহিক পত্রিকা ‘সানডে টাইমস’ এ বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়। উক্ত পত্রিকাটির লিংকটি নিম্নরূপ:

Sundaytimesmauritius.com

অনুষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক মরিশিয়ান অতিথি ও প্রবাসী বাংলাদেশীরা উপস্থিত ছিলেন।

